
# ৪০ তম বিসিএস

## ব্যাখ্যা সহ প্রশ্ন সমাধান

## বাংলাদেশ বিষয়াবলি



সিন্যাপস বিসিএস একাডেমি

**প্রশ্ন-১। বাংলাদেশে সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয় কোন জেলায়?**

ক) ফরিদপুর খ) রংপুর গ) জামালপুর ঘ) শেরপুর

**সঠিক উত্তর:** ক) ফরিদপুর

**ব্যাখ্যা:** পাট সবচেয়ে বেশি উৎপাদিত হয় – ফরিদপুর জেলায়।

---

**প্রশ্ন-২। বাংলাদেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ-**

ক) ২ কোটি ১১ লক্ষ একর খ) ২ কোটি ৫০ লক্ষ একর

গ) ২ কোটি ২৫ লক্ষ একর ঘ) ২ কোটি ২১ লক্ষ একর

**সঠিক উত্তর:** ক) ২ কোটি ১১ লক্ষ একর

**ব্যাখ্যা:** বিবিএসের ২০১৯ সালের তথ্যমতে মোট আবাদযোগ্য জমি: ২ কোটি ১১ লক্ষ একর।

---

**প্রশ্ন-৩। "গারো উপজাতি" কোন জেলায় বাস করে?**

ক) পার্বত্য চট্টগ্রাম খ) সিলেট গ) ময়মনসিংহ ঘ) টাঙ্গাইল

**সঠিক উত্তর:** গ) ময়মনসিংহ

**ব্যাখ্যা:** গারো উপজাতি ভারতের মেঘালয় আসামের কামরূপ, গোয়ালপাড়া ও কারবি আংলং জেলায় এবং বাংলাদেশের ময়মনসিংহ ছাড়াও টাঙ্গাইল, সিলেট, শেরপুর, জামালপুর, নেত্রকোনা, সুনামগঞ্জ, মৌলভীবাজার, ঢাকা ও গাজীপুর জেলায়।

---

**প্রশ্ন-৪। ২০১৮ সালে বাংলাদেশের Per capita GDP (nominal) কত?**

ক) ১,৭৫০ মার্কিন ডলার খ) ১,৭৫১ মার্কিন ডলার

গ) ১,৭৫২ মার্কিন ডলার ঘ) ১,৭৫৩ মার্কিন ডলার

**সঠিক উত্তর:** গ) ১,৭৫২ মার্কিন ডলার

**ব্যাখ্যা:** আপডেট তথ্যঃ অর্থনৈতিক সমীক্ষা ২০২০ অনুসারে, বাংলাদেশের মাথা পিছু আয় ( Per capita GDP ১, ৯৭০ মার্কিন ডলার।

---

**প্রশ্ন-৫। আইন ও সালিশ কেন্দ্র কি ধরনের সংস্থা?**

ক) অর্থনৈতিক খ) মানবাধিকার গ) ধর্মীয় ঘ) খেলাধুলা

**সঠিক উত্তর:** খ) মানবাধিকার

**ব্যাখ্যা:** ১৯৮৬ সালে গঠিত আইন ও শালিশ কেন্দ্র একটি মানবাধিকার সংগঠন।

---

**প্রশ্ন-৬। Almond ও Powel চাপ সৃষ্টিকারী গোষ্ঠীকে বিভক্ত করছেন-**

ক) ৩ ভাগে খ) ৪ ভাগে গ) ৫ ভাগে ঘ) ৬ ভাগে

**সঠিক উত্তর:** খ) ৪ ভাগে

**ব্যাখ্যা:** "এলমন্ড ও পাওয়েল চাপ সৃষ্টিকারী গোষ্ঠীকে ৪ ভাগে ভাগ করেছেন যথাঃ

1. Institutional interest groups (army and business associations).
2. Non-associational interest groups. 3. Associational interest groups.
3. Anomic interest groups (terrorist organization, criminal gang)."

**প্রশ্ন-৭। বাংলাদেশ জাতিসংঘের-**

ক) ১৪৬ তম সদস্য খ) ১৩৬ তম সদস্য গ) ১২৬ তম সদস্য ঘ) ১১৬ তম সদস্য

**সঠিক উত্তর:** খ) ১৩৬ তম সদস্য

**ব্যাখ্যা:** বাংলাদেশ জাতিসংঘের ১৩৬ তম সদ্য হিসাবে ২৯ তম সম্মেলনে ১৯৭৪ সালে যোগদান করে।

---

**প্রশ্ন-৮। বাংলাদেশে প্রথম জাতীয় সংসদের নির্বাচন হয়-** ক) ৭ ফেব্রুয়ারি, ১৯৭৩ খ) ৭ জানুয়ারি, ১৯৭৩ গ) ৭ মার্চ, ১৯৭৩ ঘ) ৭ এপ্রিল, ১৯৭৩

**সঠিক উত্তর:** গ) ৭ মার্চ, ১৯৭৩ **ব্যাখ্যা:** ৭ মার্চ ১৯৭৩, প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

---

**প্রশ্ন-৯। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘে কোন দেশ বাংলাদেশের পক্ষে ভেটো প্রদান করেছিল?**

ক) যুক্তরাজ্য খ) ফ্রান্স গ) যুক্তরাষ্ট্র ঘ) সোভিয়েত ইউনিয়ন

**সঠিক উত্তর:** ঘ) সোভিয়েত ইউনিয়ন

**ব্যাখ্যা:** ডিসেম্বরের ৪ তারিখ যুদ্ধবিরতি প্রস্তাবে সোভিয়েত ইউনিয়ন ভেটো প্রদান করে।

---

**প্রশ্ন-১০। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংবিধানের কোন তফসিলে অন্তর্ভুক্ত করা হয়েছে?**

ক) চতুর্থ তফসিল খ) পঞ্চম তফসিল গ) ষষ্ঠ তফসিল ঘ) সপ্তম তফসিল

**সঠিক উত্তর:** খ) পঞ্চম তফসিল

**ব্যাখ্যা:** সংবিধানের ১৫ তম সংশোধনের মাধ্যমে নতুন তিনটি তফসিল সংযুক্ত করা হয়। ৫ম তফসিল বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ।

---

**প্রশ্ন-১১। 'বঙ্গভঙ্গ' কালে ভারতের ভাইসরয় কে ছিলেন?**

ক) লর্ড কার্জন খ) লর্ড ওয়াভেল গ) লর্ড মাউন্ট ব্যাটেন ঘ) লর্ড লিনলিথগো

**সঠিক উত্তর:** ক) লর্ড কার্জন **ব্যাখ্যা:** ১৯০৫ সালের ১৬ই অক্টোবর ভারতের ভাইসরয় লর্ড কার্জনের আদেশের বঙ্গভঙ্গ সম্পন্ন হয়।

---

**প্রশ্ন-১২। বাংলাদেশের কোন বনভূমি শালবৃক্ষের জন্য বিখ্যাত?**

ক) সিলেটের বনভূমি খ) পার্বত্য চট্টগ্রামের বনভূমি

গ) ভাওয়াল ও মধুপুরের বনভূমি ঘ) খুলনা, বরিশাল ও পটুয়াখালীর বনভূমি

**সঠিক উত্তর:** গ) ভাওয়াল ও মধুপুরের বনভূমি

**ব্যাখ্যা:** ভাওয়াল ও মধুপুরের গড় শালবনের জন্য বিখ্যাত।

---

**প্রশ্ন-১৩। বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয়-**

ক) ১৯৭২ সালে খ) ১৯৭৩ সালে গ) ১৯৭৪ সালে ঘ) ১৯৭৫ সালে

**সঠিক উত্তর:** গ) ১৯৭৪ সালে

**ব্যাখ্যা:** স্বাধীনতার পর ১৯৭৪ সালে প্রথম আদমশুমারী হয়। বাংলাদেশের আদমশুমারী গুলো হল, ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১।

**প্রশ্ন-১৪। Inclusive Development Index (IDI)-এর ভিত্তিতে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের স্থান কত?**

ক) প্রথম স্থান খ) দ্বিতীয় স্থান গ) তৃতীয় স্থান ঘ) চতুর্থ স্থান

**সঠিক উত্তর:** খ) দ্বিতীয় স্থান

**ব্যাখ্যা:** দক্ষিণ এশিয়ার দেশগুলোর IDI হল—ভারত (3.09), পাকিস্তান (3.55), বাংলাদেশ(3.98) নেপাল (4.15) ও শ্রীলঙ্কা ( 3.79)।

---

**প্রশ্ন-১৫। ২০১৮ সালে বাংলাদেশের মোট রপ্তানি আয় কত?**

ক) ৪০ বিলিয়ন মার্কিন ডলার খ) ৪১ বিলিয়ন মার্কিন ডলার

গ) ৪২ বিলিয়ন মার্কিন ডলার ঘ) ১৪৩ বিলিয়ন মার্কিন ডলার

**সঠিক উত্তর:** খ) ৪১ বিলিয়ন মার্কিন ডলার

**ব্যাখ্যা:** ২০১৮ সালে ৪১ বিলিয়ন ডলার রপ্তানি আয় ছিল বাংলাদেশের। পরীক্ষার আগে আপডেট তথ্য জানুন।

---

**প্রশ্ন-১৬। Alliance যে দেশ ভিত্তিক গার্মেন্টস ব্র্যান্ডগুলোর সংগঠন-**

ক) যুক্তরাজ্যের খ) যুক্তরাষ্ট্রের গ) কানাডার ঘ) ইউরোপিয়ান ইউনিয়নে

**সঠিক উত্তর:** খ) যুক্তরাষ্ট্রের

**ব্যাখ্যা:** Allaince বিশ্বের ২৮টি বিখ্যাত ব্র্যান্ডের সমন্বয়ে গঠিত একটি পাঁচ বছর মেয়াদী সংস্থা, যারা বাংলাদেশের পোশাক কারখানার শ্রমিকদের শ্রম নিরাপত্তা নিয়ে কাজ করবে, এটি রানা ধ্বসের প্লাজার পরে ২০১৩ সালের ২৪ এপ্রিল গঠিত হয়।

---

**প্রশ্ন-১৭। ২০১৮ সালে বাংলাদেশের GDP-তে শিল্প খাতের অবদান কত শতাংশ ছিল?**

ক) ২৯.৬৬% খ) ৩০.৬৬% গ) ৩২.৬৬% ঘ) ৩৩.৬৬%

**সঠিক উত্তর:** ঘ) ৩৩.৬৬%

**ব্যাখ্যা:** ২০১৮ সালে বাংলাদেশের জি.ডি.পি- তে শিল্প খাতে অবদান ছিল ৩৩.৬৬% এবং ২০১৯ সালে ৩৫%।

---

**প্রশ্ন-১৮। ২০১৮-১৯ অর্থ বছরে রপ্তানি প্রণোদনা রাখা হয়েছে-**

ক) সাড়ে ৪ হাজার কোটি টাকা খ) সাড়ে ৫ হাজার কোটি টাকা

গ) সাড়ে ৩ হাজার কোটি টাকা ঘ) সাড়ে ৬ হাজার কোটি টাকা

**সঠিক উত্তর:** ক) সাড়ে ৪ হাজার কোটি টাকা

**ব্যাখ্যা:** ২০১৮-২০১৯ অর্থ বছরে রপ্তানি প্রনোদনা রাখা হয়েছে ৪ হাজার ৫০০ কোটি টাকা। ২০১৯-২০২০ অর্থবছরে তা বেড়ে দাড়ায় ৫ হাজার কোটি টাকা।

---

**প্রশ্ন-১৯। বাংলাদেশে প্রথম ভ্যাট (VAT) চালু হয়-**

ক) ১৯৯১ সালে খ) ১৯৭৩ সালে গ) ১৯৮৬ সালে ঘ) ১৯৯৬ সালে

**সঠিক উত্তর:** ক) ১৯৯১ সালে

**ব্যাখ্যা:** বাংলাদেশে ১৯৯১ সালের ১ জুলাই প্রথম মূল্য সংযোজন কর ব্যবস্থা প্রবর্তন করা হয়। এই উৎস থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়।

**প্রশ্ন-২০। সংবিধানের কোন সংশোধনকে 'first distorition of constitution' বলে আখ্যায়িত করা হয়?**

ক) ৫ম সংশোধন খ) ৪র্থ সংশোধন গ) ২য় সংশোধন ঘ) ৩য় সংশোধন

**সঠিক উত্তর:** ক) ৫ম সংশোধন

**ব্যাখ্যা:** ১৯৭৯ সালের ৬ এপ্রিল সংবিধানের পঞ্চম সংশোধনী ১৯৭৫-এর ১৫ আগস্টে সামরিক শাসন জারির পর থেকে ৬ এপ্রিল ১৯৭৯ পর্যন্ত সামরিক শাসনামলের সব আদেশ, ঘোষণা ও দণ্ডাদেশ বৈধ বলে অনুমোদন করে । সংবিধানের এই সংশোধনীকে First Distortion of Constitution বা সংবিধানের প্রথম বিকৃতি বলা হয়।

---

**প্রশ্ন-২১। স্বাধীনতার ঘোষণাপত্র সংবিধানের কততম তফসিলে সংযাজোন করা হয়েছে?**

ক) চতুর্থ খ) পঞ্চম গ) ষষ্ঠ ঘ) সপ্তম

**সঠিক উত্তর:** ঘ) সপ্তম

**ব্যাখ্যা:** সংবিধানের ১৫ তম সংশোধনের মাধ্যমে নতুন তিনটি তফসিল সংযুক্ত করা হয়। সপ্তম তফসিলে স্বাধীনতার ঘোষণাপত্র সংযুক্ত করা হয়।

---

**প্রশ্ন-২২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রবর্তিত হয়-**

ক) ১৭ এপ্রিল, ১৯৭১ খ) ১৬ ডিসেম্বর, ১৯৭২ গ) ৭ মার্চ, ১৯৭২ ঘ) ২৬ মার্চ, ১৯৭৩

**সঠিক উত্তর:** খ) ১৬ ডিসেম্বর, ১৯৭২

**ব্যাখ্যা:** সংবিধান কার্যকর হয় ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর। মাত্র ৯ মাসে বাংলাদেশের সংবিধান প্রণয়ন করা হয়।

---

**প্রশ্ন-২৩। সংবিধানের কোন অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশন' (PSC) গঠনের উল্লেখ আছে?**

ক) ১৩৭ নং অনুচ্ছেদে খ) ১৩৫ নং অনুচ্ছেদে

গ) ১৩৮ নং অনুচ্ছেদে ঘ) ১৩৪ নং অনুচ্ছেদে

**সঠিক উত্তর:** ক) ১৩৭ নং অনুচ্ছেদে **ব্যাখ্যা:** সংবিধানের ১৩৭ অনুচ্ছেদে সরকারি কর্মকমিশন গঠনের কথা বলা আছে।

---

**প্রশ্ন-২৪। আওয়ামী লীগের ৬-দফা পেশ করা হয়েছিল-**

ক) ১৯৬৬ সালে খ) ১৯৬৭ সালে গ) ১৯৬৮ সালে ঘ) ১৯৬৯ সালে

**সঠিক উত্তর:** ক) ১৯৬৬ সালে

**ব্যাখ্যা:** ১৯৬৬ সালে লাহোরে তৎকালীন পাকিস্তানের বিরোধী দলীয় সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৬ দফা দাবি উপস্থাপন করেন।

---

**প্রশ্ন-২৫। বঙ্গবন্ধুসহ আগরতলা ষড়যন্ত্র মামলায় মোট আসামী সংখ্যা ছিল কত জন?**

ক) ৩৪ জন খ) ৩৫ জন গ) ৩৬ জন ঘ) ৩২ জন

**সঠিক উত্তর:** খ) ৩৫ জন

**ব্যাখ্যা:** তৎকালীন পাকিস্তান সরকার এই ষড়যন্ত্রকে "আগরতলা ষড়যন্ত্র" নামে অভিহিত করে। এই একই অভিযোগে ১৮ জানুয়ারি, ১৯৬৮ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকেও গ্রেফতার করা হয়। ৩৫ জনকে আসামি করে সরকার পক্ষ মামলা দায়ের করে।

**প্রশ্ন-২৬। তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে কমিউনিটি ক্লিনিক চালু করা হয় –**

ক) ১৩ হাজার ১২৫ টি খ) ১৩ হাজার ১৩০ টি গ) ১৩ হাজার ১৩৬ টি ঘ) ১৩ হাজার ১৪৬ টি

**সঠিক উত্তর:** গ) ১৩ হাজার ১৩৬ টি

**ব্যাখ্যা:** জনগণের দোরগোরায় স্বাস্থ্যসেবা পৌছে দিতে প্রতি ৬০০০ জনের জন্য ১ টি করে সর্বমোট ১৩ হাজার ১৩৬ টি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হয়েছে।

---

**প্রশ্ন-২৭। 'Let there be Light' -বিখ্যাত ছবিটি পরিচালনা করেন-**

ক) আমজাদ হোসেন খ) জহির রায়হান গ) খান আতাউর রহমান ঘ) শেখ নিয়ামত আলী

**সঠিক উত্তর:** খ) জহির রায়হান

**ব্যাখ্যা:** Let there be light, Stop genocide, কখনো আসেনি, সঙ্গম, জীবন থেকে নেওয়া, বাহানা ইত্যাদি জহির রায়হানের চলচিত্র কর্ম।

---

**প্রশ্ন-২৮। আলাউদ্দিন হোসেন শাহ্ কখন বৃহত্তর বাংলা শাসন করেন?**

ক) ১৪৯৮-১৪১৬ খৃষ্টাব্দ খ) ১৪৯৮-১৫১৭ খৃষ্টাব্দ গ) ১৪৯৮-১৫১৮ খৃষ্টাব্দ ঘ) ১৪৯৮-১৫১৯ খৃষ্টাব্দ

**সঠিক উত্তর:** ঘ) ১৪৯৮-১৫১৯ খৃষ্টাব্দ

**ব্যাখ্যা:** ১৪৯৮-১৫১৯ খৃষ্টাব্দ পর্যন্ত বাংলার শাসক ছিলেন আলাউদ্দিন হোসেন শাহ। তার সময়কালকে বাংলার স্বর্ণযুগ বলা হয়।

---

**প্রশ্ন-২৯। প্রাচীন বাংলা মৌর্য শাসনের প্রতিষ্ঠাতা কে?**

ক) অশোক মৌর্য খ) চন্দ্রগুপ্ত মৌর্য গ) সমুদ্র গুপ্ত ঘ) এর কোনটিই না

**সঠিক উত্তর:** খ) চন্দ্রগুপ্ত মৌর্য

**ব্যাখ্যা:** মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠাতা হলেন চন্দ্রগুপ্ত মৌর্য। মৌর্য দের রাজধানী ছিল পাটালীপুত্র।

---

**প্রশ্ন-৩০। ইউরোপীয় বণিকদের মধ্যে বাংলায় প্রথম এসেছিলেন-**

ক) পর্তুগীজরা খ) ইংরেজরা গ) ওলন্দাজরা ঘ) ফরাসিরা

**সঠিক উত্তর:** ক) পর্তুগীজরা

**ব্যাখ্যা:** ভাস্কো-দা-গামা ইউরোপ থেকে ভারতের কালিকট বন্দরে উপস্থিত হন। উপমহাদেশে ইউরোপীয় বণিকদের আগমন শুরু হয় পর্তুগিজদের মাধ্যমে।